গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৭.০১.১৮৯.২০১৮- ১৪২৭

তারিখ ১৩ অগ্রহায়ণ,১৪২৫।
২৯ ডিসেম্বর, ২০১৮।

বিষয় ঃ রীট পিটিশন নং ৮১৩২/২০১৮ জনাব মোঃ আতাউর রহমান গং, প্রধান শিক্ষক, বুলকত সরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), বাহুবল, জেলা-হবিগঞ্জ বনাম সরকার মামলার দফাওয়ারী ইংরেজি জবাব ও রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আতাউর রহমান গং, প্রধান শিক্ষক, বুলকত সরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত),থানা-বাহুবল, জেলা-হবিগঞ্জ নিজ নিজ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে তাঁদের দায়িত্ব পালন করে আসছেন মর্মে দাবী করেছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০৭.০১২.০০০.১৫.০০.২০১৩-৫২২, তারিখঃ ২০.১১.২০১৩ খ্রিঃ অনুযায়ী তাঁদের পদবী স্ব স্ব বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পরিবর্তে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়। ফলে তাঁরা সংক্ষুব্ধ হয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮১৩২/২০১৮ দায়ের করেন। গত ২৪.০৬.২০১৮ তারিখে মহামান্য আদালত নিম্নরুপ আদেশ প্রদান করেনঃ
Pending hearing of the rule, the respondents are directed not to fill up the post of Head Master so far it relates to the petitioners.

২। রীট পিটিশন নং ৮১৩২/২০১৮ মামলায় সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়কে ৩ নং রেসপনডেন্ট সহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত মামলায় গত ২৪.০৬.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত প্রদত্ত আদেশটি Vacate করা সহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং নিম্নের রেকর্ডসমুহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি :
১। রুলের কপি।
২। আর্জির কপি।
৩। দফাওয়ারী ইংরেজি জবাব।
৪ সরকার পক্ষের সংশ্লিষ্ট রেকর্ডপত্র ।
৫। স্বাক্ষরিত ওকালতনামা।
৬। স্বাক্ষরিত ক্ষমতার্পন।

সর্বমোট ২৪৪ পাতা।

Rislam
১৩/১২/১৮
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)

জনাব এডভোকেট শেখ শফিক মাহমুদ
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স।
চেম্বার নং এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৭.০১.১৮৯.২০১৮-১৪২৭/২

তারিখ ১৩ অগ্রহায়ণ,১৪২৫।
২৯ ডিসেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১। সহকারী সচিব (আইন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সংরক্ষণ নথি।

Rislam
১৩/১২/২০১৮
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)